

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ৩০/১১/২০২১খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার সংস্কৃতি বিষয়ক কার্যক্রমে নিম্নে তুলে ধরেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাংশা জানান যে, একটি আদর্শ সমাজ বিনির্মাণে সংস্কৃতির গুরুত্ব অপরিসীম। বিশ্বের ইতিহাসে বাঙালি ব্যতিক্রমী জাতি। ভাষার অধিকার প্রতিষ্ঠানকে কেন্দ্র করে সাংস্কৃতিক আন্দোলনের মধ্যে দিয়ে একটি রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে বাংলাদেশ নামক নতুন রাষ্ট্রের জন্ম হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন, “যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে বিজয় দিবস উদযাপনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়। দীর্ঘ নয় মাসের সশস্ত্র যুদ্ধ শেষে ১৯৭১ সালের এই দিনে আত্মসমর্পণ করে পাকিস্তানি হানাদার বাহিনী, অর্জিত হয় বিজয়। দিবসটি ঘিরে সবার জন্য উৎসবমুখর পরিবেশে পালন করা হবে বিভিন্ন কার্যক্রম। মহান মুক্তিযুদ্ধে আত্মোত্সর্গকারী বীর সন্তানদের শ্রদ্ধা জানাতে কেন্দ্রীয় শহীদ মিনারসহ বিভিন্ন স্মৃতিস্তম্ভে শ্রদ্ধা জানাবে রাজনৈতিক ব্যক্তি, দলসহ আপামর জনতা। সকাল থেকেই বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে হালুয়াঘাট র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। রাজপথ রঞ্জিত হয় লাল-সবুজের রঙে। বিজয়ের ৫০ বছরের প্রথম প্রহরেই হবে উচ্ছ্বাসের বাঁধভাঙা জোয়ার। শহীদ মিনারে হবে আপামর জনতার সমাগম। এছাড়া মুক্তিযুদ্ধের বিজয় মেলা পরিষদের আয়োজন, মুক্তিযোদ্ধা, রাজনৈতিক দলের নেতাকর্মী, সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান-সংস্থাসহ হাজারো মানুষের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে বর্ণাঢ্য বিজয় র্যালি আয়োজন হবে। দিবসটি উপলক্ষে মুক্তিযোদ্ধাদেও কে সংবর্ধনা দেওয়া হবে কালুখালী উপজেলা প্রশাসনের উদ্যোগে।”	সংস্কৃতি কার্যক্রমের পরিধি বাড়াতে বিভিন্ন আয়োজনের মাধ্যমে এর ব্যাপক প্রচার কার্য চালানোর জন্য সিদ্ধান্ত হয়। মৌরাত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাব বিবেচনা পূর্বক বিজয় দিবস সঠিকভাবে পালনের জন্য সবার সহযোগিতা নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ পাংশা, রাজবাড়ী।
তারিখঃ ৩০/১১/ ২০২১

স্মারক নং যুব / পাংশা/২০২১-৬৪

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।


উপজেলা যুব উন্নয়ন অফিসার
পাংশা, রাজবাড়ী।